



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা/২০২২/১৫৬৫৬

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘর: ধামরাই, উপজেলা: ধামরাই, জেলা: ঢাকা-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি তাফসীর বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১৭-১১-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি তাফসীর বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০৫-০৯-২০২৬ থেকে ০৪-০৯-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

- শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
- জরুরিভিত্তিতে মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;
- শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য “ডিবেইট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব, আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে এবং সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
- প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চাকে নিয়মিত করতে হবে;
- আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গার্ডনিং বডি'র অনুমোদন নিতে হবে;
- কম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো ব্রেঞ্চ-কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
- শিক্ষক, শিক্ষার্থীদের জন্য আবাসনের ব্যবস্থা বর্ধিতকরণের পাশাপাশি হোস্টেল ব্যবস্থা আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলে অবস্থানরত শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
- শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেবরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
- মাদরাসার প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে এবং শিক্ষার্থীদের তথ্য ও প্রযুক্তি শিক্ষার প্রতি উৎসাহিত করতে হবে;
- সকল শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফগণ শতভাগ ইসলামি অনুশাসন মেনে চলতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে;
- প্রত্যেক শ্রেণিতে সুনির্দিষ্ট ক্লাস রুটিনের ব্যবস্থাগ্রহণ ও ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
- ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সকল ক্লাসের সন্তোষজনক ফলাফল করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;
- অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা
ডাকঘর: ধামরাই, উপজেলা: ধামরাই, জেলা: ঢাকা

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা/২০২২/১৫৬৫৬

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সভাপতি, শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘর: ধামরাই, উপজেলা: ধামরাই, জেলা: ঢাকা।
- অফিস নথি।

০৯.০২.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক